গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।
www.masscommunication.gov.bd

নং ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পার্ট-১)/৩১৬৪ তারিখ ঃ ২০.০৮.২০১৯

বিষয় ঃ **তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সম্বলিত আগস্ট-২০১৯ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।**

গণযোগাযোগ অধিদপ্তর দেশের ৬৪ জেলা এবং পার্বত্য এলাকার ৪ উপজেলাসহ মোট ৬৮ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে মাসিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্ববোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী তথ্য অভিযান এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের একটি মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

জেলা তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে আগস্ট-২০১৯ (১ম পক্ষ) মাসের **'জনমত'** প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সংগে প্রেরণ করা হলো।

সংযোজনী ঃ প্রতিবেদন এক প্রস্থ।

১৮-০৮-১৯

(মোঃ জাকির হোসেন)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন ৮৩৯২২৯৬।
dgmasscommunication@yahoo.com

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণঃ

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর ঢাকা। (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

## আগস্ট-২০১৯ (১ম পক্ষ)

- **জনমত শিরোনাম**

— যথাযথ মর্যাদায় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত

— বিপুল উৎসাহ-উদ্দীপনা ও যথাযথ ধর্মীয় মর্যাদায় সারাদেশে পবিত্র ঈদ-উল-আযহা উদযাপিত

— ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা বাড়ছে। যথাযথ পদক্ষেপ নেয়ার দাবী জানিয়েছেন জনসাধারণ

— আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। জননিরাপত্তা বিধানে সরকার যথার্থ ব্যবস্হা গ্রহণ করবে–সর্বসাধারণের আশাবাদ



Shuvo

## যথাযথ মর্যাদায় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত

- সারাদেশে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে গত ১৫ আগস্ট, ২০১৯ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, পোস্টার ও ব্যানার প্রদর্শন, প্রামাণ্যচিত্র প্রদর্শন, মিলাদ ও দোয়া মাহফিলসহ সর্বস্তরের জনগণের অংশগ্রহণে জাতির পিতার প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

- এদিকে, সপরিবারে জাতির পিতার হত্যাকান্ডের সাথে জড়িত দন্ডপ্রাপ্ত পলাতক খুনিদের অবিলম্বে দেশে ফিরিয়ে এনে বিচারের রায় কার্যকর করা ও মানবতাবিরোধী অপরাধীদের সর্বোচ্চ শাস্তি প্রদানের জোরালো দাবির মধ্য দিয়ে ইতিহাসের কলংকিত অধ্যায়ের দায় থেকে জাতিকে মুক্ত করার প্রত্যয় ব্যক্ত করেছে দেশপ্রেমিক জনসাধারণ। পাশাপাশি, শোককে শক্তিতে পরিণত করে জাতির পিতার অসমাপ্ত কাজ সম্পাদন ও তাঁর স্বপ্নের সোনার বাংলা গড়ে তোলার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেছে সর্বস্তরের জনগণ।

## বিপুল উৎসাহ-উদ্দীপনা ও যথাযথ ধর্মীয় মর্যাদায় সারাদেশে পবিত্র ঈদ-উল-আযহা উদযাপিত

- ত্যাগের মহিমায় সমুজ্জ্বল মুসলমানদের অন্যতম বৃহত্তম ধর্মীয় উৎসব পবিত্র ঈদ-উল-আযহা বিপুল উৎসাহ-উদ্দীপনা ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে সারাদেশে উদযাপিত হয়েছে। নামাজ শেষে পশু কোরবানির মধ্য দিয়ে ধর্মপ্রাণ মুসলমানরা ঈদ-উল-আযহা পালন করেন। বাঙালির ঐতিহ্যমন্ডিত চেতনার মধ্য দিয়ে ঈদ-উল-আযহা শান্তিপূর্ণভাবে উদযাপিত হওয়ায় সর্বসাধারণ সন্তোষ প্রকাশ করেছে।

- এ বছর ঈদ-উল-আযহা উপলক্ষে যত্রতত্র কোরবানির পশুর হাট না-বসায় এবং যানবাহন ও মানুষের স্বাভাবিক চলাচলে বিঘ্ন না ঘটায় সুধীমহল সরকারের প্রতি সন্তোষ প্রকাশ করেছে। এদিকে, ঈদের টানা ছুটির পর উৎসবমুখী মানুষ নিজ নিজ কর্মস্থলে ফিরতে শুরু করায় বাসস্টেশন, রেলস্টেশন ও নৌপথে ভিড় পরিলক্ষিত হয়েছে। তবে, উৎসব উপলক্ষে যাত্রীসাধারণের যাতায়াত নির্বিঘ্ন করতে সড়ক ও নৌপথে ধারণক্ষমতার বাইরে অতিরিক্ত যাত্রী পরিবহণ বন্ধে সংশ্লিষ্ট বিভাগের তৎপরতায় অভিজ্ঞমহল স্বস্তি প্রকাশ করেছে বলে জনমতে জানা গেছে।

Shub

চলমান পাতা-৩

## ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা বাড়ছে। যথাযথ পদক্ষেপ নেয়ার দাবী জানিয়েছেন জনসাধারণ

- ডেঙ্গু আক্রান্ত রোগীর চিকিৎসা নিয়ে হাসপাতাল প্রশাসন ব্যস্ত থাকায় অন্য রোগীদের চিকিৎসা দীর্ঘায়িত হচ্ছে। জরুরি অপারেশন ছাড়া অনেক চিকিৎসাই পিছিয়ে যাচ্ছে। ছোটখাটো অপারেশন করার জন্য অনেকেই প্রাইভেট হাসপাতালে যাচ্ছেন। অনেকেই আবার পাশ্ববর্তী দেশ ভারত, থাইল্যান্ড এমনকি সিঙ্গাপুরে গিয়েও ডাক্তারের পরামর্শ নিচ্ছেন। এমতাবস্থায়, ডেঙ্গু প্রতিরোধে বছরব্যাপী কার্যকর প্রতিরোধ ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছেন জনসাধারণ। তবে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বলেছেন, তারা ডেঙ্গুজ্বরে আক্রান্ত রোগীদের  চিকিৎসায় আলাদা সেল চালু করেছে। অন্য বিভাগের রোগীদের চিকিৎসক রয়েছেন।
- এদিকে এডিস মশা বাহিত ডেঙ্গুজ্বরের প্রকোপ বৃদ্ধি পাওয়ায় হাসপাতালগুলোতে ডেঙ্গুজ্বরে আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। তাদের চিকিৎসায় গাইডলাইন, পরীক্ষা নিরীক্ষা নিয়ে ডাক্তার এবং হাসপাতাল প্রশাসন সর্বোচ্চ চেষ্টা চালাচ্ছে ও সহযোগিতা করছে।

## আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। জননিরাপত্তা বিধানে সরকার যথার্থ ব্যবস্হা গ্রহণ করবে–সর্বসাধারণের আশাবাদ

- দেশের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্হিতি স্বাভাবিক বলে জনমতে প্রকাশ। তবে, জননিরাপত্তাসহ শান্তি-শৃঙ্খলা যাতে বিঘ্নিত না-হয়, সেজন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী যথার্থ ব্যবস্হা গ্রহণ করবে বলে জনসাধারণ প্রত্যাশা ব্যক্ত করেছে।

---

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/প্রতিমা

Shukla
২৮-০৮-২০১৯

**শুকলা বনিক**
তথ্য ও ডকুমেন্টেশন অফিসার (অ.দা.)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার